



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে মুজিব জন্মশতবর্ষে প্রকাশিত জার্নালের মোড়ক উন্মোচন ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১০ জানুয়ারি ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে মুজিব জন্মশতবর্ষে প্রকাশিত জার্নালের মোড়ক উন্মোচন করা হয়েছে। ১০ জানুয়ারি ২০২২ তারিখ বিকাল ৪ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে বিশ্ববিদ্যালয়ের ৫টি অনুষদের জার্নালের মোড়ক উন্মোচন করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে এসময় বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন, জার্নালের সহযোগী সম্পাদকবৃন্দ, প্রক্টর, প্রভোস্ট, বিভাগীয় প্রধান, শিক্ষকমণ্ডলী ও দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন। এসময় উপাচার্য মহোদয় বলেন, বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে বাঙালী প্রকৃত স্বাধীনতার স্বাদ লাভ করেছিলো। ১০ জানুয়ারি দেশের মাটিতে পা রেখে বঙ্গবন্ধু জনতার উদ্দেশ্যে যে বক্তব্য রেখেছিলেন তার একটি দার্শনিক ভিত্তি ছিলো। কেননা বঙ্গবন্ধুর এ বক্তব্যে বাংলাদেশের ভবিষ্যত উন্নয়ন অগ্রগতির নির্দেশনা নিহিত ছিলো। বঙ্গবন্ধুর সারা জীবনের সাধনা ছিলো ক্ষুধা, দারিদ্র, শোষণমুক্ত ও অসাম্প্রদায়িক বাংলাদেশ প্রতিষ্ঠা। জাতির পিতার স্বদেশ প্রত্যাবর্তনের এ মাহেন্দ্রক্ষনে ত্রিশ লাখ শহীদ ও দুইলক্ষ মা-বোনের সম্মের বিনিময়ে অর্জিত স্বাধীনতাকে সমুন্নত রেখে মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জ্বল হয়ে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করে যাওয়ার প্রত্যাশা ব্যক্ত করেন উপাচার্য মহোদয়। মুজিব জন্মশতবর্ষে প্রকাশিত বিভিন্ন অনুষদের জার্নালগুলো জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে উৎসর্গ করা হয়। এদিকে ১০ জানুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে এক আলোচনা সভার আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা হলে বিকাল ৪:৩০টায় এ আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। শিক্ষক সমিতির সভাপতি ড. মোঃ আব্দুল কাইউম এর সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন এবং রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। শিক্ষক সমিতির সধারণ সম্পাদক ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরীর সঞ্চালনায় সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকমণ্ডলী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস